বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক কার্যালয়
মহিদ প্লাজা, হোটেল বাজার, মেহেরপুর।

গণমানুষের ব্যাংক
ফোন নং ০২৪৭৭৭৯২৩৩০
ফোন নং ০২৪৭৭৭৯২৩৮৯
Email: rmmeherpur@krishibank.org.bd

আঃকাঃ(মেহের)-প্রশা-৩৬/২০২২-২০২৩/৬২ তারিখঃ ২৮-০৯-২০২২ইং

**১ম প্রান্তিকের (জুলাই/২০২২-জুন/২০২২) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| সভাপতি | জনাব শারমিন আক্তার, আঞ্চলিক ব্যবস্থাপক<br>(সভাপতি, বিকেবি শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি, মেহেরপুর অঞ্চল) |
| তারিখ ও সময় | ২৮/০৯/২০২২খ্রিঃ, সময় বিকালঃ ০৪.০০ ঘটিকা |
| স্থান | আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট- 'ক' |

০১। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য ও ভার্চুয়ালী সংযুক্ত অত্র অঞ্চলাধীন সকল শাখার শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্য কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আঞ্চলিক শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্য সচিবের সঞ্চালনায় কমিটির সকল সদস্য ও শাখা ব্যবস্থাপকগন বক্তব্য প্রদান করেন। তাদের বক্তব্যে অত্র ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি আলোচনা করা হয় এবং সে অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্বারোপ করা হয়।

০২। সভায় আঞ্চলিক শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভাপতি ও আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় তার বক্তব্যে জাতীয় 'শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩' বাস্তবায়নের প্রতি গুরুত্বারোপ করেন। সভায় আরও আলোচনা করা হয় যে, ব্যক্তি-পর্যায়ে শুদ্ধাচার হলো কর্তব্য নিষ্ঠা ও সততা। উক্ত সভায় আর্থিক খাতের অপরিহার্য অংশ হিসেবে ব্যাংকিং সেক্টরের সুশাসন নিশ্চিত করনে শুদ্ধাচার ও নৈতিকতা প্রতিষ্ঠার বিকল্প নেই বলেও অভিমত ব্যক্ত করা হয়।

০৩। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক) নিজ নিজ কার্যালয় সহ শাখা সমূহে শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় সমূহ চিহ্নিত করা এবং তা দূরীকরণের কর্মপরিকল্পনা গ্রহণ করা।

খ) কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে শাখারর ২য় কর্মকর্তাসহ অন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব বন্টন করা হয়।

গ) গ্রাহক গণের মধ্য হতে কোনো অভিযোগ পাওয়া গেলে দ্রুততার সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের পরামর্শ দেওয়া হয়।

ঘ) ঋণ আদায়, ঋণ বিতরণ, আমানত সংগ্রহ ও ক্যাম্প আয়োজন নিশ্চিত করতে শাখা সমূহকে নির্দেশ দেয়া হয়।

ঙ) অত্র কার্যালয়সহ সকল শাখায় অভিযোগ বাক্স সংরক্ষণ করা ও প্রতিমাসে অভিযোগ পরিলক্ষিত হলে তার তৎক্ষণাৎ ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেয়া হয়।

০৪। শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির উপরোক্ত সিদ্ধান্ত সমুহ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য অনুরোধ করা হয় এবং সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | | |
|---|---|---|
| 28.09.22 | 28.09.22 | 28/09/22 |
| (মোঃ আব্দুল আলীম)<br>সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি<br>ও<br>উঃ মুখ্য কর্মকর্তা<br>আঞ্চলিক কার্যালয়, মেহেরপুর। | (মোঃ তারিকুজ্জামান)<br>সদস্য<br>শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি<br>ও<br>কর্মকর্তা<br>আঞ্চলিক কার্যালয়, মেহেরপুর। | (শারমিন আক্তার)<br>সভাপতি<br>শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি<br>ও<br>আঃ ব্যবস্থাপক<br>আঞ্চলিক কার্যালয়, মেহেরপুর। |

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলোঃ**

১। স্টাফ অফিসার মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।

২। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রক ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, মেহেরপুর।

৪। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, মেহেরপুর অঞ্চল।

৫। অফিস নথি।

# বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক কার্যালয়

মহিদ প্লাজা, হোটেল বাজার, মেহেরপুর।

গণমানুষের ব্যাংক

ফোন নং ০২৪৭৭৭৯২৩৩০

ফোন নং ০২৪৭৭৭৯২৩৮৯

Email: rmmeherpur@krishibank.org.bd


**পরিশিষ্ট-'ক'**

**অদ্য ২৮.০৯.২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিকেবি, আঞ্চলিক কার্যালয়, মেহেরপুর এর "শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি" সংক্রান্ত সভায় উপস্থিত সদস্য গণের হাজিরা**

**তারিখঃ ২৮-০৯-২০২২ইং, সময়ঃ বিকাল ০৪.০০টা**

| ক্রঃ নং | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | জনাব শারমিন আক্তার | আঞ্চলিক ব্যবস্থাপক | 28/09/22 |
| ০২ | জনাব মোঃ আবু জাকারিয়া | মুঃ কর্মকর্তা | ২৮/৯/২২ |
| ০৩ | জনাব সালমা সুলতানা | কর্মকর্তা | ২৮/০৯/22 |
| ০৪ | জনাব মোঃ তারিকুজ্জামান | কর্মকর্তা | 28.09.22 |
| ০৫ | জনাব মোঃ আব্দুল আলীম | উঃ মুঃ কঃ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা | 28-09.22 |

বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক কার্যালয়
মহিদ প্লাজা, হোটেল বাজার, মেহেরপুর।

গণমানুষের ব্যাংক
ফোন নং ০২৪৭৭৭৯২৩৩০
ফোন নং ০২৪৭৭৭৯২৩৮৯
Email: rmmeherpur@krishibank.org.bd

আঃকাঃ(মেহের)-প্রশা-৩৬/২০২২-২৩/৩১০ তারিখঃ ২৬-০৯-২০২২ইং

**বিষয়ঃ ১ম প্রান্তিকের (জুলাই/২০২২-জুন/২০২২) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা আয়োজন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে আপনাদের সদয় দৃষ্টি আকর্ষন করা হলো।

০২। এই ব্যাংকের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২২-২০২৩ এর ১ম প্রান্তিকের (জুলাই/২০২২-জুন/২০২২) লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আগামী ২৮-০৯-২০২২খ্রিঃ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকায় আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষ, আঞ্চলিক কার্যালয়, মেহেরপুর এ শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হবে। সভায় আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় সভাপতিত্ব করবেন।

০৩। উক্ত সভায় আঞ্চলিক কার্যালয়ের সকল কর্মকর্তা কর্মচারীকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচীঃ

ক) আঞ্চলিক কার্যালয় সহ শাখা সমূহে শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় সমূহ চিহ্নিত করা এবং তা দূরীকরণের কর্মপরিকল্পনা গ্রহণ সংক্রান্ত।

খ) কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে শাখারর ২য় কর্মকর্তাসহ অন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব বন্টন সংক্রান্ত।

গ) ঋণ আদায়, ঋণ বিতরণ, আমানত সংগ্রহ ও ক্যাম্প আয়োজন নিশ্চিত করন সংক্রান্ত।

ঘ) অত্র কার্যালয়সহ সকল শাখায় অভিযোগ বাক্স সংরক্ষণ সংক্রান্ত।

ঙ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি ও ১ম প্রান্তিকের প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত।

আদেশক্রমে,

আপনার বিশস্ত
২৬.০৯.২২
(মোঃ আব্দুল আলীম)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

সকল কর্মকর্তা-কর্মচারী,
আঞ্চলিক কার্যালয়, মেহেরপুর।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১। স্টাফ অফিসার মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।
২। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রক ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, মেহেরপুর অঞ্চল।
২। অফিস নথি।